দৈনিক বাংলা

তারিখ 04 NOV 1992
পৃষ্ঠা ... কলাম ...

# সরকার উচ্চ শিক্ষার উন্নয়নে বাস্তবমুখী কর্মসূচী নিয়েছে : শিক্ষামন্ত্রী

শিক্ষামন্ত্রী ব্যারিস্টার জমিরউদ্দিন সরকার বলেন, বর্তমান গণতান্ত্রিক সরকার দেশের উচ্চ শিক্ষার মান উন্নয়নের লক্ষ্যে যুগান্তকারী পদক্ষেপ নিয়েছে।

তিনি বলেন, জাতীয় বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার ফলে কলেজগুলোতে উন্নত পাঠ্যক্রম চালু হবে এবং সেশন জটের নিরসনহবে।

শিক্ষামন্ত্রী আজ গাজীপুর মহিলা কলেজের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণ দিচ্ছিলেন। গাজীপুরের জেলা প্রশাসক মোস্তাফিজুর রহমানের সভাপতিত্বে এ অনুষ্ঠানে ধর্ম বিষয়ক প্রতিমন্ত্রী অধ্যাপক এম এ মান্নান বিশেষ অতিথির ভাষণ দেন। খবরতথ্যবিবরনীর।

শিক্ষামন্ত্রী বলেন, বেসরকারী বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হলে দেশের ছাত্র-ছাত্রীদের উচ্চ শিক্ষার্থে বিদেশ গমনের প্রয়োজন হবে না এবং দেশেই তারা উন্নতমানের শিক্ষালাভ করতে পারবে। তিনি বলেন, যারা প্রাতিষ্ঠানিক উচ্চ শিক্ষা থেকে বঞ্চিত হবে তাদেরকে উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের মাধ্যমে শিক্ষা গ্রহণের সুযোগ দেয়া হবে।

ব্যারিস্টার জমিরউদ্দিন সরকার বলেন, সরকার দেশে থেকে নিরক্ষরতা দূর করার লক্ষ্যে বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা ও গণশিক্ষা কার্যক্রম চালু করেছে। তিনি বলেন, সরকার নারী শিক্ষার সুযোগ সম্প্রসারণের লক্ষ্যে জাতীয়করণ কর্মসূচীতে বালিকা বিদ্যালয় ও মহিলা কলেজগুলোকে অগ্রাধিকার দিচ্ছে।

এর আগে মন্ত্রী কলেজের ফলক উন্মোচন করেন।